

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৯৬১

৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৯ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: “কৃষকের অ্যাপ”-এর মাধ্যমে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৪-২৫ মৌসুমে সরাসরি কৃষকের নিকট হতে ধান সংগ্রহ
কার্যক্রম বাস্তবায়নে নির্দেশনা**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আসন্ন অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৪-২০২৫ মৌসুম-এ ১৭ নভেম্বর/২০২৪ হতে ২৮ ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত দেশব্যাপী ৩০৯-টি উপজেলায় “কৃষকের অ্যাপ” পাইলটিং আকারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। “কৃষকের অ্যাপ”-এর মাধ্যমে কৃষক নিবন্ধন, ধান বিক্রয়ের আবেদন ও সংগ্রহের সময়-সীমা সম্পর্কে কৃষকদের অবহিত করার জন্য স্থানীয় পর্যায়ে বহুল প্রচারণা চালানো প্রয়োজন। এক্ষেত্রে, মাঠপর্যায়ে বাস্তবায়নের জন্য **পোস্টার/প্রচার-পত্রসহ** নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :

১. নির্বাচিত উপজেলাসমূহে “কৃষকের অ্যাপ”-এর মাধ্যমে ধান ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে;
 ২. খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dgfood.gov.bd এ “কৃষকের অ্যাপ” সেবা বক্সে 'প্রশিক্ষণ ও প্রচারণার অডিও/লিফলেট' এর "গাইড লাইন - কৃষকের অ্যাপ" হতে ভিডিও টিউটোরিয়াল ডাউনলোড করে অ্যাপ ব্যবহার সম্পর্কে ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;
 ৩. প্রচারের জন্য তৈরিকৃত অডিও ওয়েবসাইটের উল্লিখিত বক্স হতে ডাউনলোড করে মাইকিংয়ের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার সকল ইউনিয়নে এবং জনসমাগম স্থানে প্রচার করতে হবে;
 ৪. কৃষকের নিকট হতে দ্রুত ও সহজে ধান সংগ্রহ করার জন্য “কৃষকের অ্যাপ”-বাস্তবায়নে কোন লটারি সিস্টেম রাখা হয়নি। কোন কৃষক নিবন্ধন বা ধান বিক্রয়ের আবেদন করলে এবং উপজেলা কৃষি কর্মকর্তার অনুমোদনের পর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাদ্দ আদেশ জারি করবে। বরাদ্দ আদেশ প্রাপ্তির পর কৃষক খাদ্য গুদামে ধান বিক্রি করতে পারবে;
 ৫. উপজেলায় ধানের বরাদ্দ থাকা সাপেক্ষে কৃষকের নিকট হতে ধান সংগ্রহ করা যাবে। যিনি আগে আবেদন বা নিবন্ধন করবেন তিনি আগে ধান বিক্রির সুযোগ পাবেন। ধানের বরাদ্দ শেষ হয়ে গেলে কৃষক আবেদন করলেও আর তাঁর নিকট হতে ধান সংগ্রহের সুযোগ থাকবে না। ;
 ৬. অনুমোদিত কৃষককে বরাদ্দ আদেশ দেয়ার সময় কৃষক কত দিনের মধ্যে ধান গুদামে দিতে আসবে সেটা ১৫ দিনের অধিক সময় দেয়া সমীচিন হবে না কারণ বেশি সময় দেয়া হলে কোন কৃষক পরে ধান দিতে না চাইলে তার পরিবর্তে অন্য কৃষককে বরাদ্দ দেয়ার সুযোগ থাকবে না;
 ৭. কৃষককে বরাদ্দ পর্যায়ক্রমে দিতে হবে যাতে করে সকল কৃষকের গুদামে ধান প্রদানের শেষ সময় একই দিন না হয়। তবে কোন কৃষক তার নির্ধারিত শেষ তারিখের পূর্বেই বিলম্বে ধান দেয়ার বিষয়টি অবহিত করলে তা নিশ্চিত হয়ে ঐ কৃষকের সময় বৃদ্ধি করার সুযোগ রয়েছে;
 ৮. প্রস্তুতকৃত লিফলেট জেলা/উপজেলার ওয়েব পোর্টাল এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করে প্রচার করতে হবে (সংযুক্তি: [লিফলেট আমন ধান সংগ্রহ ২০২৪](#));
 ৯. স্থানীয় প্রশাসনের মাধ্যমে সভা করে সংশ্লিষ্ট ইউনিয়ন প্রশাসক/চেয়ারম্যান, ইউডিসি উদ্যোক্তা এবং সংশ্লিষ্টদের অবহিত করতে হবে;
 ১০. ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তার মাধ্যমে কৃষক নিবন্ধন উৎসাহিত করতে হবে।
- উপরোক্ত নির্দেশনা সংশ্লিষ্ট উপজেলায় প্রেরণ ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য

নিয়ন্ত্রকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০-১১-২০২৪
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট
+৮৮-০২-৪১০৫২৯৯৭
sys@dgfood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৯৬১/১ (১১)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
- ২। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৬। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৮। ইনচার্জ, ডাটা সেন্টার, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল [সার্বিক করিগরী সহযোগীতার জন্য অনুরোধ করা হলো]।
- ৯। সিনিয়র টেকনোলজি স্পেশালিস্ট, সার্ট প্রকল্প, বিসিসি [সার্বিক করিগরী সহযোগীতার জন্য অনুরোধ করা হলো]।
- ১০। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ।



২০-১১-২০২৪
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট